

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
 সুরক্ষা সেবা বিভাগ  
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
 ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
**Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)**

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী  
 নেতৃত্বকৃত কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতি	: মো: আব্দুল ওয়াহাব ভুঞ্জা মহাপরিচালক।
সভার তারিখ ও সময়	: ০৫ সেপ্টেম্বর, ২০২২; সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	: অধিদপ্তরের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২ প্রণয়ন করেছে। সভাপতি অধিদপ্তরের দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবার মানোন্নয়নের জন্য সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে প্রতিটি সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনে প্রত্যেককে স্ব স্ব অবস্থান থেকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান।

০১। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে অন্যুন একটি নেতৃত্বকৃত কমিটির সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিয়ন্ত্রণ গ্রহণ করা হয় :

ক্রম	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
২.১	প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমে অধিদপ্তর ব্যতীত অন্যান্য দপ্তরের অন্তর্ভুক্তি থাকায় ডিপিপি প্রণয়ন/প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা নিরসনের লক্ষ্যে আলোচনা হয়।	অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট ডিপিপি যথাসময়ে প্রণয়ন ও সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। ডিপিপি'র প্রস্তাব প্রেরণের পর সংশ্লিষ্ট দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। পাশাপাশি প্রকল্প প্রস্তাবের অধিদপ্তরের সংশ্লিষ্ট অংশের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা)/ প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট)
২.২	অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে দক্ষ করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রাথমিকভাবে ২০ জনের একটি গ্রুপ তৈরি করে বেনবেইজ-এ প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে দক্ষ করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রাথমিকভাবে ২০ জনের একটি গ্রুপ তৈরি করে বেনবেইজ-এ প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)

✓

২.৩	সমৰ্বিত খসড়া কর্মপরিকল্পনা (Comprehensive Action Plan) বাস্তবায়নের লক্ষ্যে যাতে দেশের সকল বিভাগ, জেলা, উপজেলায় সভা/সেমিনার/কর্মশালা অনুষ্ঠিত হয়, সে বিষয়ে আলোচনা হয়।	সমৰ্বিত খসড়া কর্মপরিকল্পনা (Comprehensive Action Plan) বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে যে বিভাগ, জেলা, উপজেলায় সভা/সেমিনার/কর্মশালা অনুষ্ঠিত হয়েছে তার তথ্যসহ পরিসংখ্যান প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)
২.৪	অধিদপ্তরের সকল সেবাবক্তৃ হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়।	অধিদপ্তরের সকল সেবাবক্তৃ যাচাইপূর্বক সকল শাখার তথ্যাবলী সংগ্রহপূর্বক হালনাগাদকরণে আরও সচেষ্ট হতে হবে।	সিস্টেম এনালিস্ট

০৩। পরিশেষে, সভাপতি জাতীয় শুন্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা যথাযথভাবে ও যথাসময়ে অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আব্দুল কুসেই ভুঞ্জ)  
মহাপরিচালক।

২৩ ভাদ্র, ১৪২৯  
তারিখ: .....  
০৭ সেপ্টেম্বর, ২০২২

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১.৫৪৯১

- অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যোতার ক্রমানুসারে নয়):
- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দ্: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
  - ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
  - ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
  - ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেড়ারিয়া, ঢাকা।
  - ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
  - ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
  - ৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
  - ৯। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
  - ১০। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
  - ১১। সহকারী প্রেগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ১২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ১৪। অফিস কপি।

(শামীম আহমেদ)  
উপপরিচালক (প্রশাসন)